


Total No. of printed pages = 6

TR/AP/BENG/21



BENGALI

Full Marks – 50

Time – One hour and thirty minutes

The figures in the margin indicate full marks
for the questions.

Candidates are requested to give answer in their
own words as far as practicable.

- ১। নিম্নলিখিত যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করুন (৪০০
শব্দের মধ্যে) :

২০×১=২০

(ক) রক্তদানে জীবনদান।

(খ) বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে যুবসমাজের ভূমিকা।

(গ) পর্যটন উন্নয়নে ত্রিপুরা।

অথবা

যে কোনো একটি বিষয়ে পত্র রচনা করুন (৪০০ শব্দের
মধ্যে) :

(ক) গৃহনির্মাণকল্পে ঋণ চেয়ে ব্যাঙ্কের কাছে পত্র।

(খ) ভেজাল ঔষধ বিক্রয় রোধে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ
করতে সংবাদপত্রের সম্পাদককে পত্র।

[Turn over

(গ) উপযুক্ত কারণ দেখিয়ে উদ্ধৃতন কর্তৃপক্ষের কাছে ছুটি চেয়ে পত্র।

২। সারাংশ লিখুন অনধিক (২৫০ শব্দের মধ্যে) :

১৫×১=১৫

(ক) মানুষের দায় মহামানবের দায়, কোথাও তার সীমা নেই।
অন্তহীন সাধনার ক্ষেত্রে তার বাস। জন্তুদের বাস ভূমণ্ডলে, মানুষের বাস সেইখানে যাকে সে বলে তার দেশ। দেশ কেবল ভৌমিক নয়, দেশ মানসিক। মানুষে মানুষে মিলিয়ে এই দেশ জ্ঞানে জ্ঞানে, কর্মে কর্মে। যুগযুগান্তরের প্রবাহিত চিন্তাধারায়, প্রীতিধারায় দেশের মন ফলে, শস্যে সমৃদ্ধ। বহু লোকের আত্মত্যাগে দেশের গৌরব সমুজ্জ্বল। যে সব দেশবাসী অতীতকালের তাঁরা বস্তুত বাস করতেন ভবিষ্যতে। তাঁদের ইচ্ছার গতি ও কর্মের গতি ছিল আগামীকালের অভিমুখে। তাঁদের তপস্যার ভবিষ্যৎ আজ বর্তমান হয়েছে আমাদের মধ্যে, কিন্তু আবদ্ধ হয়নি। আবার আমরাও দেশের ভবিষ্যতের জন্য বর্তমানকে উৎসর্গ করছি। সেই ভবিষ্যতকে ব্যক্তিগতরূপে আমরা ভোগ করব না। যে তপস্বীরা অন্তহীন ভবিষ্যতে বাস করতেন, ভবিষ্যতে যাঁদের আনন্দ, যাঁদের আশা, যাঁদের গৌরব, মানুষের সভ্যতা তাঁদেরই রচনা। তাঁদেরই স্মরণ করে মানুষ আপনকে জেনেছে অমৃতের সন্তান, বুঝেছে যে, তার দৃষ্টি, তার সৃষ্টি, তার চরিত্র মৃত্যুকে পেরিয়ে। মৃত্যুর মধ্যে গিয়ে যাঁরা অমৃতকে প্রমাণ করেছেন তাঁদের দানেই দেশ রচিত। ভাবীকালবাসীরা, শুধু আপন দেশকে নয়, সমস্ত পৃথিবীর লোককে অধিকার করেছেন। তাঁদের চিন্তা, তাঁদের কর্ম, জাতি, বর্ণ নির্বিচারে সমস্ত মানুষের। সবাই

তাঁদের সম্পদের উত্তরাধিকারী। তাঁরাই প্রমাণ করেন, সব মানুষকে নিয়ে, সব মানুষকে অতিক্রম করে, সীমাবদ্ধ কালকে পার হয়ে এক-মানুষ বিরাজিত। সেই মানুষকেই প্রকাশ করতে হবে, শ্রেষ্ঠ স্থান দিতে হবে বলেই মানুষের বাস দেশে। অর্থাৎ এমন জায়গায় যেখানে প্রত্যেক মানুষের বিস্তার খন্ড খন্ড দেশ, কাল, পাত্র ছাড়িয়ে — যেখানে মানুষের বিদ্যা, মানুষের সাধনা সত্য হয় সকল কালের সকল মানুষকে নিয়ে।

অথবা

(খ) ভারতবর্ষের প্রধান সার্থকতা কী, এ কথার স্পষ্ট উত্তর যদি কেহ জিজ্ঞাসা করেন সে উত্তর আছে; ভারতবর্ষের ইতিহাস সেই উত্তরকেই সমর্থন করিবে। ভারতবর্ষের চিরদিনই একমাত্র চেষ্টা দেখিতেছি প্রভেদের মধ্যে ঐক্যস্থাপন করা, নানা পথকে একই লক্ষ্যের অভিমুখী করিয়া দেওয়া এবং বহুর মধ্যে এককে নিঃসংশয়রূপে অন্তরতরূপে উপলব্ধি করা — বাহিরে যে সকল পার্থক্য প্রতীয়মান হয় তাহাকে নষ্ট না করিয়া তাহার ভিতরকার নিগূঢ় যোগকে অধিকার করা। এই এককে প্রত্যক্ষ করা এবং ঐক্যবিস্তারের চেষ্টা করা ভারতবর্ষের পক্ষে একান্ত স্বাভাবিক। তাহার এই স্বভাবই তাহাকে চিরদিন রাষ্ট্রগৌরবের প্রতি উদাসীন করিয়াছে। কারণ, রাষ্ট্রগৌরবের মূলে বিরোধের ভাব। যাহারা পরকে একান্ত পর বলিয়া সর্বান্তঃকরণে অনুভব না করে তাহারা রাষ্ট্রগৌরবলাভকে জীবনের চরম লক্ষ্য বলিয়া মনে করিতে পারে না। পরের বিরুদ্ধে আপনাকে প্রতিষ্ঠিত করিবার যে চেষ্টা তাহাই পোলিটিক্যাল উন্নতির ভিত্তি; এবং পরের সহিত

আপনার সম্ভবক্ষন ও নিজের ভিতরকার বিচিত্র বিভাগ
ও বিরোধের মধ্যে সামঞ্জস্য স্থাপনের চেষ্টা, ইহাই
ধর্মনৈতিক ও সামাজিক উন্নতির ভিত্তি।

বিধাতা ভারতবর্ষের মধ্যে বিচিত্র জাতিকে টানিয়া
আনিয়াছেন। ভারতবর্ষীয় আর্য যে শক্তি পাইয়াছে সেই
শক্তি চর্চা করিবার অবসর ভারতবর্ষ অতি প্রাচীনকাল
ইহতেই পাইয়াছে। ঐক্যমূলক যে সভ্যতা মানবজাতির
চরম সভ্যতা, ভারতবর্ষ চিরদিন ধরিয়া বিচিত্র উপকরণে
তাহার ভিত্তি নির্মাণ করিয়া আসিতেছে। পর বলিয়া সে
কাহাকেও দূর করে নাই, অনার্য বলিয়া সে কাহাকেও
বহিষ্কৃত করে নাই, অসংগত বলিয়া সে কিছুকেই উপহাস
করে নাই। ভারতবর্ষ সমস্তই গ্রহণ করিয়াছে, সমস্তই
স্বীকার করিয়াছে।

পরকে আপন করিতে প্রতিভার প্রয়োজন। অন্যের মধ্যে
প্রবেশ করিবার শক্তি এবং অন্যকে সম্পূর্ণ আপন করিয়া
লইবার ইন্দ্রজাল, ইহাই প্রতিভার নিজস্ব। ভারতবর্ষের
মধ্যে আমরা সেই প্রতিভা দেখিতে পাই। ভারতবর্ষ
অসংকোচে অন্যের মধ্যে প্রবেশ করিয়াছে এবং
অনায়াসে অন্যের সামগ্রী নিজের করিয়া লইয়াছে।
ভারতবর্ষ কিছুই ত্যাগ করে নাই এবং গ্রহণ করিয়া সকলই
আপন করিয়াছে।

৩। বাংলায় অনুবাদ করুন :

১×১৫=১৫

(ক) I set out on the twenty-fourth day of
September, 1701 at 6 a.m. and sailed all day.
By evening I spotted a small uninhabited

island with a few green bushes. I cast anchor
here, ate some food and then slept for at least
six hours. When I awoke the sky was still
dark. I ate my breakfast before the sun was
up and set sail as directed by my pocket
compass.

I discovered nothing all that day. It was just
great wide ocean and my boat. By about three
in the afternoon of the third day, I noticed
a sail at a distance. I screamed and waved
a white flag but could get no answer. My
heart beat faster as I rowed desperately
forward. I managed to get closer as the wind
was in my favour. In half an hour the lookout
spied me and fired a gun to acknowledge my
presence. Joy filled my heart. I felt I would
burst with excitement !

The ship slackened her sails. I caught up with
her between five and six in the evening on
September 26th. The flags were English
colours ! Finally I could hope for my beloved
country and the dear ones I had left behind !
The vessel was an English merchant ship
returning from Japan.

অথবা

(খ) What a strange king he was ! So wise and yet so ignorant ! He thinks improving knowledge in agriculture and mechanics is the best thing to do for his people. "Whoever can make corn or grass grow well, serves his nation better than a whole race of politicians put together !" he said proudly.

They have plain and simple laws that no one can misunderstand. Writing any comment about any of their laws is a crime.

They know the fine art of printing, but they have not published more than a thousand books ! Reading their large-sized books was quite an effort. Once I selected a book, it was opened and placed against a wall. I had a standing ladder like a staircase, with fifty feet long steps specially built for me. This was placed near the book. I walked along each step and read the topmost lines of a page. As the lines reached the middle of the page, I got down the steps and continued reading. In this way I went up and down the steps, turing the pages myself and completed their gigantic books !

